# প্রধানমন্ত্রীর সঙ্গে আইএলও মহাপরিচালকের সৌজন্যে বৈঠক



ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) মহাপরিচালক গিলবার্ট এফ. হোংবো প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সোমবার (২০ জুলাই) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে শ্রম খাতের উন্নয়ন, আন্তর্জাতিক শ্রমমান বাস্তবায়ন এবং দ্বিপক্ষীয় সহযোগিতা বাড়ানোর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

সাক্ষাৎকালে প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের জন্য তারেক রহমানকে অভিনন্দন জানান আইএলও মহাপরিচালক। তিনি বলেন, জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত সরকার দায়িত্ব নেওয়ার পর বাংলাদেশের প্রতি আন্তর্জাতিক অঙ্গনের আস্থা আরও শক্তিশালী হয়েছে। এ কারণে শ্রম খাতের উন্নয়নে বাংলাদেশের সঙ্গে দীর্ঘদিনের অংশীদারিত্ব আরও বিস্তৃত করতে এবং সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যেতে আগ্রহী আইএলও। একই সঙ্গে শ্রম খাতে সরকারের সংস্কার উদ্যোগ ও আন্তর্জাতিক শ্রমমান বাস্তবায়নের প্রচেষ্টার প্রশংসাও করেন তিনি।

এ সময় জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান গিলবার্ট এফ. হোংবো। তিনি এ ঘটনাকে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের কূটনৈতিক সক্ষমতা ও গ্রহণযোগ্যতার গুরুত্বপূর্ণ স্বীকৃতি হিসেবে উল্লেখ করেন।

জবাবে প্রধানমন্ত্রী বলেন, শ্রমিকদের অধিকার সুরক্ষা, নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা এবং আন্তর্জাতিক শ্রমমান অনুসরণে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। পাশাপাশি শ্রমিকবান্ধব ও টেকসই কর্মপরিবেশ গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন তিনি।

বৈঠকে শ্রমিকদের সামাজিক নিরাপত্তা, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, কর্মসংস্থান বৃদ্ধি, পরিবর্তিত বৈশ্বিক শ্রমবাজারের চাহিদা মোকাবিলা, তৈরি পোশাক খাতের অগ্রগতি, কর্মক্ষেত্রের নিরাপত্তা, অনানুষ্ঠানিক শ্রমবাজারের উন্নয়ন এবং অভিবাসী শ্রমিকদের অধিকার ও কল্যাণ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এসব ক্ষেত্রে সরকার ও আইএলওর পারস্পরিক সহযোগিতা আরও জোরদারের ওপর উভয় পক্ষ গুরুত্বারোপ করে।